# বরাক উপত্যকা সাহিত্য সংস্কৃতি সম্মেলন

## দূর-শিক্ষাকেন্দ্র

দ্বিতীয় ষান্মাসিক ::: তৃতীয় পত্র : **প্রকল্প**

একমাত্র ৬ষ্ঠ ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২২ – ২০২৩) শিক্ষার্থীদের জন্য

**পূর্ণমান : ২৫** (প্রকল্প : ২০ + গ্রন্থাগারের কাজ : ৫)

এই পত্রে (তৃতীয় পত্র : প্রকল্প) পাস করার নিম্নতম মান: **৭** (সাত)

প্রকল্প **৩০ নভেম্বর ২০২৩**-এর মধ্যে জমা দিতে হবে।

নিম্নে প্রদত্ত ৫টি বিষয় থেকে যে কোন **১**টি বিষয়কে ঐচ্ছিক বিষয় হিসেবে গ্রহণ করে প্রকল্প তৈরী করতে হবে :—

(১) কবিতা, (২) ছোটগল্প, (৩) প্রবন্ধ, (৪) স্ক্রিপ্ট (রেডিও স্ক্রিপ্ট বা টিভি স্ক্রিপ্ট) এবং (৫) পাঠ পরিকল্পনা।

প্রকল্পের প্রতিটি বিষয়ে গ্রন্থাগারের কাজ বাধ্যতামূলক।

### (১) বিষয়: **কবিতা**

(১) (ক) মানুষ সততই নিজের প্রাণের ভিতরের গোপন কথা প্রকাশ করতে চায়। এই প্রকাশ মাধ্যম হিসেবে কবিতার গুরুত্ব নিয়ে অতি সংক্ষেপে ‘আমি কেন কবিতা লিখি’ -এ প্রসঙ্গে আপনার মতামত দিন। (শব্দ সীমা: ২০০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত **২টি** নাতিদীর্ঘ কবিতা লিখে দিন। (মান: ১৫)

### (২) বিষয়: **ছোটগল্প**

(২) (ক) আপনার পড়া **১০টি** গল্পের নামের (লেখকের নামসহ) তালিকা তৈরী করুন এবং এই তালিকার মধ্য থেকে যে কোনও **১টি** গল্প সম্বন্ধে আপনার সংক্ষিপ্ত মতামত দিন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত **১টি** ছোটগল্প লিখে দিন। (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)

### (৩) বিষয়: **প্রবন্ধ**

(৩) (ক) আপনার পড়া কোন দৈনিক সংবাদপত্র বা সাময়িক পত্রিকা বা সংকলন গ্রন্থ থেকে **১০টি** প্রবন্ধের (লেখকের নাম সহ) তালিকা তৈরী করুন এবং এই তালিকার মধ্য থেকে যে কোন **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার নিজের লেখা **১টি** প্রবন্ধ দিন। (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)

## (৪) বিষয়: **স্ক্রিপ্ট** (রেডিও স্ক্রিপ্ট **বা** টিভি স্ক্রিপ্ট)

### রেডিও স্ক্রিপ্ট

(৪) (ক) আপনার শোনা আকাশবাণী থেকে প্রচারিত/সংগৃহীত বা মুদ্রিত **১০টি** রেডিও-কথিকার (Radio Talk) একটি তালিকা— লেখকের বা কথকের নামসহ তৈরী করুন এবং -এর যে কোন **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মতামত দিন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত **১টি** কথিকা লিখুন যা রেডিওতে পাঁচ মিনিট সময় প্রচারের উপযোগী হবে। (বিষয়টি আপনিই নির্বাচন করবেন) (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)

### **অথবা**

### টেলিভিশনের (টিভি) স্ক্রিপ্ট

(৪) (ক) আপনার দেখা (কিংবা সংগৃহীত / মুদ্রিত) **১০টি** টেলিভিশন অনুষ্ঠানের (টিভি ম্যাগাজিন/ টক-শো / বিজ্ঞাপন শট) একটি তালিকা তৈরি করুন এবং -এর যে কোনও **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা: ২০০) (মান: ৫)

(খ) টিভিতে তিন/চার মিনিট সময় সীমায় প্রচারের উপযোগী আপনার নিজস্ব পছন্দের **১টি** শ্যুটিং স্ক্রিপ্ট লিখে দিন— লিখতে হবে "স্ক্রিপ্ট ফর্ম্যাটে" এবং এতে "শট ডিভিশন", "অডিও", "ভিডিও" (Shot Division, Audio, Video) আলাদা করে দেখাতে হবে, সঙ্গে থাকবে শব্দ-ধ্বনি-আলো, আবহসংগীত এবং সংগীত প্রয়োগের দিকও।
(শব্দ সীমা নেই) (মান: ১৫)

## (৫) বিষয়: **পাঠ পরিকল্পনা**

### ক্লাসে পড়ানোর উপযোগী পাঠ-পরিকল্পনা (Lesson Plan)

(৫) (ক) প্রাথমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক স্তরের বাংলা / বিজ্ঞান / ইতিহাস / রাষ্ট্রবিজ্ঞান / অর্থনীতি / শিক্ষা / দর্শনের যে কোন একটি পাঠ্য বইয়ের **১০টি** পাঠ্যসূচির একটি তালিকা তৈরী করুন এবং -এর যে কোনও **১টির** সঙ্গে প্রদত্ত অনুশীলনের উপর আপনার সংক্ষিপ্ত মতামত দিন।
(শব্দ সীমা: ২০০) (মান: ৫)

(খ) আপনার পছন্দমত যে কোনও **১টি** পাঠ (Lesson) এর উপর ভিত্তি করে ক্লাসে পড়ানোর উপযোগী পাঠ-পরিকল্পনা (Lesson Plan) তৈরী করুন। (শব্দ সীমা নেই) (মান: ১৫)

বিশেষ দ্রষ্টব্য :—

- প্রকল্প ৩০ নভেম্বর ২০২৩-এর মধ্যে জমা দিতে হবে।
- প্রকল্প তৈরী করতে লিখিত অংশগুলি **নিজ হস্তাক্ষরে অবশ্যই** লিখতে হবে, অন্যথায় প্রকল্পটি গ্রহণ করা হবে না।
- প্রকল্পের প্রতিটি বিষয়ে গ্রন্থাগারের কাজ বাধ্যতামূলক।
- এই পত্রে (তৃতীয় পত্র : প্রকল্প) পাস করার নিম্নতম মান: ৭ (সাত)।

## প্রয়োজনীয় নির্দেশিকা

- **গ্রন্থাগারের কাজ ( Library Works) : (মান: ৫)**
  গ্রন্থাগারের কাজের জন্য প্রশিক্ষণার্থীদের নিজ নিজ শহর, গ্রাম, জেলায় স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা সরকারি/বেসরকারি গ্রন্থাগারের সাহায্য গ্রহণ করতে পারেন এবং প্রকল্পের জন্য কী কী পত্রপত্রিকা বা বইয়ের সাহায্য নিয়েছেন এর একটি সূত্রনির্দেশ/তালিকা তৈরী করে প্রকল্পটির সঙ্গে জমা দিতে হবে। যে গ্রন্থাগারে গেছেন সেখানের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্রও প্রকল্পটির সঙ্গে জমা দেওয়া আবশ্যক। তবে, স্থানীয় প্রশিক্ষণার্থীদের শিলচর বঙ্গভবন গ্রন্থাগারের সদস্যপদ গ্রহণ করে নিজস্ব প্রকল্প বিষয়ক গ্রন্থাদির একটি সূত্রনির্দেশ/তালিকা প্রস্তুত করে বঙ্গভবনের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্র প্রকল্পের সঙ্গে জমা দিতে হবে।

- প্রকল্পটি একান্তই আপনার নিজস্ব হতে হবে। এ জন্য একজন উপযুক্ত পর্যবেক্ষকের সহায়তা নেবেন। পর্যবেক্ষক কোন উচ্চতর মাধ্যমিক স্কুল, ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয়ের অথবা দূর শিক্ষাকেন্দ্রের শিক্ষক/শিক্ষিকা হতে পারেন- প্রকল্পটি যে আপনার নিজস্ব রচনা এ মর্মে এ পর্যবেক্ষকের একটা সই করিয়ে নিতে হবে।

- প্রকল্পটি A4 সাইজ কাগজে নিজ হাতে লিখে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী প্রকল্পটি যথাসময়ে জমা দিতে হবে।

### প্রকল্প পুস্তিকার নমুনা

প্রচ্ছদ পৃষ্ঠায় (১নং পৃষ্ঠা) থাকবে—

**বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন**
**দূর-শিক্ষাকেন্দ্র**
**বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম**
দ্বিতীয় ষান্মাসিক-২০২৩ ::: তৃতীয় পত্র : প্রকল্প

প্রকল্পের শিরোনাম :—

শিক্ষার্থীর নাম :— রোল নম্বর :—

প্রকল্প পর্যবেক্ষকের নাম :—
ঠিকানা :—

২নং পৃষ্ঠায় থাকবে—

**-: ঘোষণাপত্র :-**

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন, দূর-শিক্ষাকেন্দ্র পরিচালিত এক-বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের দ্বিতীয় ষাণ্মাসিক পরীক্ষার সঙ্গে সংযুক্ত এ প্রকল্পটি আমি আমার প্রকল্প পর্যবেক্ষক শ্রী/শ্রীমতী/ডঃ ________________________________ -এর পরামর্শে নিজে করেছি। এতে কোন লেখকের রচনা থেকে (উদ্ধৃতি বা প্রাসঙ্গিক সূত্র ছাড়া) কিছুই গ্রহণ করিনি।

পরীক্ষার্থীর সই এবং তারিখ | প্রকল্প পর্যবেক্ষকের সই এবং তারিখ

৩নং পৃষ্ঠায় থাকবে—

গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা প্রমাণপত্র।
প্রমাণপত্রে গ্রন্থাগারের নাম এবং ঠিকানা থাকতে হবে।

৪নং পৃষ্ঠা থেকে শেষ পৃষ্ঠায় পর্যন্ত থাকবে—

প্রকল্পটির জন্য প্রয়োজনীয় চিত্র/ড্রয়িং/পেপার কাটিং সহ লিখিত অংশ।